



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**EVENING/ MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**19 JULY 2024**

**7:35—7:40 AM IST**

বরাক উপত্যকার তিন জেলার উন্নয়নের প্রতি লক্ষ্য রেখে জেলাগুলিতে প্রতি মাসে দুজন করে মন্ত্রী তিনদিন থাকবেন বলে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত হয়েছে। গতকাল দিসপুরে অনুষ্ঠিত বৈঠকের পর এক সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া জানান যে জেলাগুলির অভিভাবক মন্ত্রী সহ আরো দুজন মন্ত্রী বরাক উপত্যকায় থেকে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের পর্যালোচনা করবেন। প্রতি মাসে দুজন মন্ত্রী বরাক উপত্যকার তিন জেলা তিনদিন সফর করে বিভিন্ন বিভাগের কাজকর্মের খতিয়ান নেবেন বলে মন্ত্রী শ্রীবরুয়া জানান। বরাকের তিন জেলা সফর করা দুজন মন্ত্রী স্থানীয় বিধায়ক, দল-সংগঠনের নেতার সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনায় মিলিত হবেন এবং জেলা আয়ুক্ত এবং পুলিশ সুপারের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করবেন বলেও তিনি জানান।

আসাম বিধানসভার বিভিন্ন বিভাগের আয়-ব্যয় সংক্রান্ত স্ট্যাডিং কমিটি আজ সকালে হাইলাকান্দি জেলা সফরে আসছে। বিধায়ক গোবিন্দ চন্দ্র বসুমাতারির নেতৃত্বাধীন নয় সদস্যের এই কমিটি জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প পরিদর্শন করবে। এরপর সন্ধ্যা ছটায় প্রতিনিধি দলটি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীদের নিয়ে বৈঠকে মিলিত হবেন। প্রতিনিধি দলে বিধায়ক খলিল উদ্দিন মজুমদার, জাকির হোসেন লস্কর, মুজিবুর রহমান, শিব মনি বরা, কমলাক্ষ্য দে পুরকায়স্থ, আমিনুল ইসলাম, লরেন্স ইসলামী এবং দুর্গাদাস বড়ো প্রমুখ রয়েছেন।

এদিকে প্রতিনিধি দলটি আজ বিকেল চারটায় করিমগঞ্জ পৌছে মালুয়া জগন্নাথপুরে ক্ষেত্র পরিদর্শন করবেন । এরপর আজ বিকেল সাড়ে পাঁচটায় জেলা পরিষদ কার্যালয়ের সভাকক্ষে জেলা প্রশাসন ও বিভিন্ন বিভাগীয় প্রধানদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে অংশ গ্রহন করে প্রতিনিধি দল রাতেই শিলচর ফিরে আসবেন ।

---

---

হাইলাকান্দি জেলায় বন্যা ও ঝড়ের ক্ষয়ক্ষতি পর্যবেক্ষন করতে আজ কেন্দ্রীয় সরকারের এক প্রতিনিধি দল হাইলাকান্দি জেলা সফরে আসছেন । প্রতিনিধি দলটি ক্ষয়ক্ষতি সরজোমিনে পর্যবেক্ষন করে বেলা ১২টায় জেলা আয়ুক্তের সভাকক্ষে প্রশাসনের আধিকারীকদের সঙ্গে একটি বৈঠকে মিলিত হবেন ।

---

---

রাজ্যের বন্যা পরিস্থিতির উন্নতি হওয়ার সঙ্গে সঙ্গে গোবাদি পশু এবং হাঁস-মুরগিকে বিভিন্ন রোগের হাত থেকে রক্ষা করতে পশুপালন বিভাগকে নিয়মিত নিরীক্ষণ এবং প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে রাজ্যের কৃষি ও পশুপালন মন্ত্রী অতুল বরা নির্দেশ দিয়েছেন । গতকাল দিসপুরে পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের এক পর্জ্যালোচনা বৈঠকে সংশ্লিষ্ট বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদেরকে এই বিষয়ে তৎপরতার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করতে মন্ত্রী শ্রী বরা নির্দেশ দিয়েছেন । পশুপালন এবং দুগ্ধ ক্ষেত্রের গুরুত্ব বৃদ্ধির প্রতি লক্ষ্য রেখে এ ক্ষেত্রের উন্নয়ন এবং পশুপালক ও দুগ্ধপালকদের সবলীকরণের বিষয়টি সুনিশ্চিত করার জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে বলে মন্ত্রী শ্রী বরা জানিয়েছেন । বৈঠকে কৃত্রিম প্রজননের পাশাপাশি বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর বর্তমান স্থিতির বিষয়েও বিশদভাবে পর্যালোচনা করা হয় । কৃষকদের সুবিধার্থে কাজগুলি নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে শ্রী বরা সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন ।

---

---

শিলচরের সাংস্কৃতিক সংগঠন ফক-ইরা'র উদ্যোগে আয়োজিত ভাওয়াইয়া গানের কর্মশালা সহজ আলাপ-২০২৪ আজ থেকে শিলচর বঙ্গভবনে শুরু হচ্ছে । চলবে আগামী ২১শে জুলাই পর্যন্ত । কর্মশালার অন্তিম দিন আগামী ২১শে জুলাই ,সন্ধ্যা পাঁচটা থেকে আনন্দ -লোক শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান- ২০২৪ অনুষ্ঠিত হবে । কর্মশালায় বাংলাদেশের ঢাকা থেকে ভাওয়াইয়া গানের শিল্পী কামরুজ্জামান রাব্বি মূখ্য অতিথি হিসেবে উপস্থিত

থাকবেন । এছাড়া বাংলাদেশের আরো এক লোকসঙ্গীত শিল্পী ইকবাল সাই-ও এই অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করবেন ।

---

---

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল আসাম-ত্রিপুরা সীমান্তের চূড়াইবাড়িতে অভিযান চালিয়ে দুই হাজার বোতল ফেন্সিডিল কফ সিরায় বাজেয়াপ্ত করেছে । এই ঘটনার সঙ্গে যুক্ত থাকার অপরাধে পুলিশ উত্তর-প্রদেশের রবি কুমার এবং আছ মোহম্মদ নামের দু জন ব্যক্তিকে আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে আটক করা কফ সিরায়ের বাজার মূল্য প্রায় ১৪ লক্ষ টাকা হবে ।

---

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী রবিবার চেংকুড়ি বাগানের মেরুয়া গ্রান্টে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

---

সারা ভারত কৃষক সভার চান্দপুর আঞ্চলিক কমিটির পক্ষ থেকে বড়খলা বিধানসভা কেন্দ্রের বড়যাত্রাপুর গ্রামের চান্দপুর চতুর্থ খন্ড ও পঞ্চম খন্ডে ত্রান বন্টনে স্বজন পোষন ও অনিয়মের অভিযোগে কাটিগড়া চক্র আধিকারীকের কার্যালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন করাম হয়েছে । বিক্ষোভ কার্যসূচীতে ত্রান বন্টনে অনিয়মের অভিযোগে দু জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনে দাবী জানিয়ে জেলা আয়ুক্তেরব কাছে স্মারক পত্র পাঠানো হয়েছে ।

---

---

রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রকের নির্দেশ অনুযায়ী করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদব এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে কোন সরকারী চিকিৎসক সরকারী ডিউটির সময়ে বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠান বা ফার্মাসিগুলোতে প্রাইভেট প্রেকটিস করতে পারবেন না । নির্দেশ অমান্য করলে ,এ ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইন অনুযায়ী লাইসেন্স বাতিল করা সহ যথাযথ ব্যবস্থা গ্রহন করা হবে

---

---